দৈনিক ইত্তেফাক

তারিখ ...12. SEP. 1992 ...
পৃষ্ঠা... ১৩... কলাম... ৭...

16

## চট্টগ্রাম মেডিক্যাল কলেজ খুলিয়া দেওয়ার দাবী

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম মেডিকেল কলেজ শাখা ছাত্র লীগের সভাপতি কাজী নাসিমুর রহমান গতকাল বুধবার এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম মেডিকেল

( শেষ পৃঃ পর )

মেডিকেল কলেজ খুলিয়া দেওয়ার দাবী জানান। তিনি বলেন, অস্ত্রধারী সন্ত্রাসীদের কলেজ হইতে বহিষ্কার করিয়া শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনিতে হইবে।

ছাত্রলীগ সভাপতি ১৩ই সেপ্টেম্বরে কলেজের প্রধান হোষ্টেলের ঘটনার জন্য ছাত্র শিবিরের কর্মীদের দায়ী করেন।

পক্ষান্তরে অপর এক সাংবাদিক সম্মেলনে চট্টগ্রাম মেডিকেল কলেজ শাখা ছাত্র শিবিরের সভাপতি মুহাম্মদ শাহিনুল আলম উক্ত ঘটনার জন্য ছাত্রলীগকে দায়ী করেন। তিনি কলেজ খুলিয়া দেওয়া, ছাত্র সংসদ অফিস হইতে অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসীদের গ্রেফতার করার দাবী জানান।